গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়
১৫, কলেজ রোড, ঢাকা-১০০০
www.bjsc.gov.bd

নং-১০.০৩.০০০০.০০০.০০১.১১(খ).০০০৯.২৫.৬৩৯

তারিখঃ ০৫ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ / ১৯ জানুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ

‘অফিস সহায়ক’ পদে লিখিত পরীক্ষা গ্রহণ সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

জেলা জজ ও অধস্তন আদালত/ট্রাইব্যুনালসমূহে ‘অফিস সহায়ক’ পদে গৃহীত প্রাক-যাচাই (এমসিকিউ) পরীক্ষায় গত ১৮.০১.২০২৬ খ্রিঃ প্রকাশিত ফলাফলে উত্তীর্ণ প্রার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ‘অফিস সহায়ক’ পদে লিখিত পরীক্ষা আগামী ২৪.০১.২০২৬ খ্রিঃ তারিখ শনিবার বিকাল ০৩.০০ ঘটিকা হতে ০৪.৩০ ঘটিকা পর্যন্ত ঢাকা কলেজ, ঢাকা কেন্দ্রে গ্রহণ করা হবে। ইতোপূর্বে সম্ভাব্য তারিখ ৩১.০১.২০২৬ খ্রিঃ উল্লেখ করা হলেও উক্ত তারিখে যথোপযুক্ত পরীক্ষা কেন্দ্র না পাওয়ায় এবং সারা দেশব্যাপী জেলা জজ ও অধস্তন আদালত/ট্রাইব্যুনালসমূহে ‘অফিস সহায়ক’ পদে বিদ্যমান শূন্যপদসমূহে নিয়োগ প্রক্রিয়া দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য আগামী ২৪.০১.২০২৬ খ্রিঃ তারিখ লিখিত পরীক্ষার তারিখ ধার্য করা হয়েছে। প্রাক-যাচাই (এমসিকিউ) পরীক্ষায় ব্যবহৃত প্রবেশপত্রই লিখিত পরীক্ষার প্রবেশপত্র হিসেবে গণ্য করা হবে। **টেলিটক বাংলাদেশ লিঃ কর্তৃক সংশ্লিষ্ট প্রার্থীদের মোবাইল নম্বরে লিখিত পরীক্ষার তারিখ ও কেন্দ্র বিষয়ে এসএমএস প্রেরণ করা হবে।**

এতদসংক্রান্ত বিস্তারিত তথ্যাবলী কমিশনের ওয়েবসাইটে (www.bjsc.gov.bd) পাওয়া যাবে।

(স্বাক্ষরিত)
এ.জি.এম. আল মাসুদ
সভাপতি
অধস্তন আদালতসমূহের শূন্যপদে সরাসরি নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
ও
সচিব
বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন।